(ঙ) অর্থ পরিবর্তনের তিনটি ধারার পরিচয় দাও।

(চ) তৎসম শব্দ কী? তৎসম শব্দের শ্রেণী সম্পর্কে যা জান লেখো।

(ছ) ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে ব্যঞ্জনধ্বনির আগম কীভাবে হয় সে সম্পর্কে বুঝিয়ে লেখো।

(জ) বঙ্গালী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

★★★





**2023**

# BENGALI

Paper : BEN–HC–2016

( বাংলা ভাষা পরিচয় )

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০

(ক) প্রাচীন বাংলা থেকে কর্তৃকারকের শূন্য বিভক্তির একটি উদাহরণ দাও।

(খ) শব্দেন > সাদেঁ—এটি শব্দের ধ্বনিতাত্ত্বিক না রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য, লেখো।

(গ) আদি-মধ্যবাংলার প্রধান ছন্দ কী ছিল?

(ঘ) আদি-মধ্যবাংলার মহাপ্রাণ নাসিক্যের মহাপ্রাণতা লোপ অথবা ক্ষীণতার একটি উদাহরণ দাও।

(ঙ) ''সঘোষ ধ্বনির উদাহরণ হচ্ছে বাংলা বর্গীয় ধ্বনির তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ধ্বনি।'' উক্তিটি শুদ্ধ না অশুদ্ধ?

(চ) বাংলা ধ্বনির ক্ষেত্রে নিম্নস্থ উচ্চারকের মধ্যে সবচেয়ে সক্রিয় অংশ জিহ্বাকে ক'টি ভাগে ভাগ করা হয়েছে?

(ছ) বাংলায় প্রাথমিক মৌলিক স্বরধ্বনি ক'টি?

(জ) 'সন্দেশ' শব্দটির মূল অর্থ 'খবর' থেকে 'মিষ্টান্ন' হয়েছে। এটি অর্থ পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত?

(ঝ) ইংরেজি থেকে অনূদিত (Translation loan) বাংলায় ব্যবহৃত একটি শব্দ বা শব্দসমষ্টির উদাহরণ দাও।

(ঞ) 'আনারস' শব্দটি কোন্ ভাষা থেকে বাংলায় এসেছে?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রাচীন বাংলার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(খ) "গজব করিলে তুমি আজব কথায়॥"

ভারতচন্দ্রের কাব্যের এই উদ্ধৃতিটির 'গজব' ও 'আজব' শব্দ দুটি কোন্ ভাষাগোষ্ঠী থেকে এসেছে?

(গ) স্বরধ্বনি কাকে বলে?

(ঘ) ঘোষ বা নাদ কী?

(ঙ) 'মীরজাফর' শব্দটি বাংলা ভাষার অর্থ পরিবর্তনের কোন্ ধারার অন্তর্ভুক্ত, যুক্তিসহ লেখো।





৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) অন্ত্যমধ্য বাংলার পাঁচটি ধ্বনিগত বৈশিষ্ট্য লেখো।

(খ) আদি-মধ্যবাংলার ছন্দোরীতিগত বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(গ) ক্ষতিপূরক দীর্ঘীভবন উদাহরণসহ বুঝিয়ে লেখো।

(ঘ) নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবনের পার্থক্য নির্ণয় করো।

(ঙ) উপযুক্ত উদাহরণসহ দেশী শব্দের সংজ্ঞা নির্দেশ করো।

(চ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি বর্ণনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) প্রাচীন বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) আধুনিক বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ তুলে ধরো।

(গ) উচ্চারণ-প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করে যে কোনো দুটি শ্রেণির পরিচয় দাও।

(ঘ) প্রাথমিক মৌলিক স্বরধ্বনি ও গৌণ মৌলিক স্বরধ্বনি বলতে কী বোঝায়? এ সম্পর্কে যথাযথ আলোচনা করো।